



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া

Phone: 071-62041/72227  
email crmkushtia@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক স্বাভাবিক অগ্রগতি

জানুয়ারী ২০২১ হতে মার্চ/২০২১ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ মুনসুর রহমান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, কুষ্টিয়া মুখ্য অঞ্চল।  
সভার তারিখ ও সময় : ০৮.০৪.২০২১, বিকাল ৪.০০ ঘটিকা  
সভার স্থান : বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া।  
সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা : পরিশিষ্ট 'ক' অনুযায়ী।

সভার শুরুতে সভাপতি সহোদয় তার স্বাগত বক্তব্যে নতুন অর্থবছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সারাভাবে সম্পাদন না করে অত্র কার্যালয়সহ সকল শাখায় প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করার জন্য আহ্বান জানান।

০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জানুয়ারী/২০২১ হতে মার্চ/২০২১ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

- শাখা/কার্যালয়ে অভিযোগ বন্ধ নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুত সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- কোভিড-১৯ জনিত কারণে সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজের আওতায় সকল ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ স্বচ্ছতার সাথে অর্জন করতে হবে।
- বাংলাদেশ কৃষি ব্যাংক এর হিসাব ম্যানুয়াল ও পরিপত্রসমূহ স্বচ্ছতার সাথে যথাযথ প্রয়োগ করে বাস্তবায়ন করতে হবে।
- ঋণ প্রস্তাব প্রক্রিয়া প্রক্রিয়াকরণে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়াল-২০১৮, ঋণ ঝুঁকি বাস্তবায়ন নীতিমালা-২০১৮ এবং শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ চলমান রাখতে হবে।
- সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন ভাতা কর্মসূচীসমূহ সঠিকভাবে, নৈতিকতার ও স্বচ্ছতার সাথে পরিপালন করে বরাদ্দকৃত অর্থ স্ব স্ব হিসাবে বন্টন করতে হবে।
- গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ে গণশুনানি/গ্রাহক সমাবেশ আয়োজন করতে হবে।
- শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্যবহারে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
- নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে শতকরা শতভাগ বাস্তবায়ন করতে হবে।
- উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৪র্থ ত্রৈমাসিক/প্রান্তিকের নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

  
০৮.০৪.২০২১

(মোঃ মুনসুর রহমান)  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও  
সভাপতি

মুঃআঃকাঃকুঃপ্রশা-১১৩/২০২০-২১/২১৪৩

তারিখ : ০৮/০৪/২০২১ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

০২. অফিস নথি।